

বিজ্ঞপ্তি: এই দলিল ইংরেজি, ভাষা ইন্দোনেশিয়া, বাংলা, বর্মী, চীনা এবং তামিল ভাষায় পাওয়া যায়। ইংরেজি সংস্করণের সাথে এর অন্যান্য অনুবাদের মধ্যে কোনো অমিল বা অসঙ্গতি থাকলে ইংরেজি সংস্করণ সর্বদা প্রাধান্য পাবে।

পণ্যের সারাংশ

গুরুত্বপূর্ণ কথা: এই পণ্যের সারাংশ শুধু একটি রূপরেখা মাত্র। নির্দিষ্ট নিয়ম, শর্তাবলী, বিধান, বহির্ভূত এবং সীমার কথা পলিসি বিষয়ক নথিতে রয়েছে।

এই গ্রুপ পলিসির অধীনে সুবিধাগুলি Great Eastern General Insurance Limited ('GEG') এর তরফে দেওয়া হয়েছে। Singtel Mobile Singapore Pte Ltd (পলিসিকারী) প্রিমিয়াম প্রদান করে এবং পলিসিকারীর মনোনীত নির্বাচিত গ্রাহকদের ('বিমাকৃত ব্যক্তি') বিনামূল্যে প্রদান করা হয়।

এটি Medisave অনুমোদিত পলিসি নয় এবং এই পলিসির প্রিমিয়াম দিতে আপনি Medisave ব্যবহার করতে পারবেন না।

পলিসিকারী GEG এর কাছে যে ব্যক্তিকে ঘোষণা করেছে সে এই পলিসির আওতায় থাকেন এবং নিম্ন বর্ণিত যোগ্যতার মানদণ্ড পূরণ করেন।

পণ্যের নাম:	Singtel প্রিপেড গ্রাহকদের জন্য বিনামূল্যে 30-দিনের বিমা
পলিসিকারী:	Singtel Mobile Singapore Pte Ltd

যোগ্যতা
শুধু এখানে কভার পাবেন: <ul style="list-style-type: none">সিঙ্গাপুরের মানুষ, সিঙ্গাপুরের স্থায়ী বাসিন্দা বা সিঙ্গাপুরের বৈধ কোনো পরিচয়পত্রধারী ব্যক্তি, যেমন এমপ্লয়মেন্ট পাস, ওয়ার্ক পারমিট, লং টার্ম ভিজিট পাস বা স্টুডেন্টস পাস; এবং বিমার সময়কালে সিঙ্গাপুরে বাস করছেন, এবংSingtel প্রিপেড গ্রাহক, এবংবিমার সময়কাল শুরুর তারিখে বয়স 16 থেকে 65 বছর।

বিমার সময়কাল
আপনাকে পাঠানো নথিভুক্তি নিশ্চিতকরণে ² যেমন উল্লেখ রয়েছে সেইমত শুরুর তারিখ থেকে এক টানা 30 দিনের সময়কাল।
² আপনার নথিভুক্ত মোবাইল নম্বরে পাঠানো SMS যা প্রমাণ করে যে আপনি এই পলিসির আওতায় আছেন, তাতে বিমার সময়কাল এবং শুরুর তারিখের বিবরণ থাকে।

কভারেজ	প্রতি বিমাকৃত ব্যক্তির বিমাকৃত মূলধন*											
1. দুর্ঘটনাজনিত মৃত্যু/ স্থায়ী বিকলাঙ্গতা মৃত্যু বা স্থায়ী বিকলাঙ্গতায় দুর্ঘটনার তারিখ থেকে 30 দিনের মধ্যে কভারেজ A, B বা C-এ আমরা নিম্নোক্ত সুবিধাসারণীতে উল্লিখিত সর্বাধিক সীমার অর্থ দেব। সুবিধাসারণী <table><tr><th>কভারেজ</th><th>প্রতি বিমাকৃত ব্যক্তির সর্বাধিক সীমা</th></tr><tr><td>A. মৃত্যু</td><td rowspan="3">S\$10,000</td></tr><tr><td>B. স্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা</td></tr><tr><td>C. অন্যান্য স্থায়ী বিকলাঙ্গতা</td></tr><tr><td>1. এক বা উভয় হাত বা পায়ের কঙ্কি বা গোড়ালি বা তার উপরের অংশ সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো</td><td rowspan="4">S\$10,000</td></tr><tr><td>2. এক বা উভয় চোখ সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো বা</td></tr><tr><td>3. একটা হাত বা পা সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো এবং কোনো একটি চোখের সম্পূর্ণ দৃষ্টিশক্তি হারানো বা</td></tr><tr><td>4. বাকশক্তি ও উভয় কানে শ্রবণশক্তি সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো</td></tr></table>	কভারেজ	প্রতি বিমাকৃত ব্যক্তির সর্বাধিক সীমা	A. মৃত্যু	S\$10,000	B. স্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা	C. অন্যান্য স্থায়ী বিকলাঙ্গতা	1. এক বা উভয় হাত বা পায়ের কঙ্কি বা গোড়ালি বা তার উপরের অংশ সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো	S\$10,000	2. এক বা উভয় চোখ সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো বা	3. একটা হাত বা পা সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো এবং কোনো একটি চোখের সম্পূর্ণ দৃষ্টিশক্তি হারানো বা	4. বাকশক্তি ও উভয় কানে শ্রবণশক্তি সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো	
কভারেজ	প্রতি বিমাকৃত ব্যক্তির সর্বাধিক সীমা											
A. মৃত্যু	S\$10,000											
B. স্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা												
C. অন্যান্য স্থায়ী বিকলাঙ্গতা												
1. এক বা উভয় হাত বা পায়ের কঙ্কি বা গোড়ালি বা তার উপরের অংশ সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো	S\$10,000											
2. এক বা উভয় চোখ সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো বা												
3. একটা হাত বা পা সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো এবং কোনো একটি চোখের সম্পূর্ণ দৃষ্টিশক্তি হারানো বা												
4. বাকশক্তি ও উভয় কানে শ্রবণশক্তি সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো												

আমরা একটার বেশি সুবিধা দেব না এবং বিমাকৃত ব্যক্তির সফল দাবির পর কভারেজের পরিসমাপ্তি ঘটবে।	
2. হাসপাতাল থেকে ছাড়া পেয়ে সেরে ওঠার সময়কার সুবিধা বিমার সময়কালে দুর্ঘটনাজনিত আঘাতের কারণে বিমাকৃত ব্যক্তিকে দুর্ঘটনার তারিখ থেকে 7 দিনের মধ্যে কোনো হাসপাতালে অন্তত 48 ঘন্টা একটানা ইনপেশেন্ট হিসেবে থাকতে হলে, আমরা S\$100 নগদের সুবিধা দেব। এই সুবিধার অধীন, বিমার সময়কালে আমরা একটামাত্র দাবিতে অর্থ প্রদান করব।	S\$100
3. চাকরি গেলে জরুরী তহবিল দুর্ঘটনা বা রোগবশত বিমাকৃত ব্যক্তি কম পক্ষে একটানা 48 ঘন্টা যাবৎ হাসপাতালে ইনপেশেন্ট হিসাবে ভর্তি হওয়ার পর তিনি চিকিৎসার দৃষ্টিতে কোনো প্রকারের চাকরি করার যোগ্য না হওয়ার ফলে অনিচ্ছাকৃতভাবে কম পক্ষে একটানা 30 দিন যাবৎ বেকার থাকলে আমরা S\$1,000 এর নগদ সুবিধা দেব। এই সুবিধার অধীন, বিমার সময়কালে আমরা একটামাত্র দাবিতে অর্থ প্রদান করব।	S\$1,000

*কোনো এক সময়ে একটি কভার থাকবে (অর্থাৎ একই ব্যক্তির জন্য কোনো ওভারল্যাপিং রাশি থাকবে না)

আঞ্চলিক সীমা
সিঙ্গাপুরের যে কোনো জায়গায়।

বহির্ভূত মুখ্য বিষয়তালিকা
<p>এগুলির ফলে সৃষ্ট বা এই সংক্রান্ত কোনো দাবির জন্য আমরা দায়বদ্ধ হব না বা অর্থ দেব না:</p> <ul style="list-style-type: none"> যুদ্ধ, সন্ত্রাস, আয়োলাইজিং রেডিয়েশন, যে কোনো পারমাণবিক আলানি বা বর্জ্য থেকে তেজস্ক্রিয়তা সৃষ্ট দূষণ, ধর্মঘট, দাঙ্গা, নাগরিক বিশৃঙ্খলা ইচ্ছাকৃত কাজ, আত্মহত্যা, নিজেকে করা আঘাত, মানসিক এবং স্নায়বিক ব্যাধি, ঘুমের ব্যাধি, বিষপ্রতা, উন্মাদাবস্থা এবং উদ্বেগ পূর্ববিদ্যমান অসুখ গর্ভাবস্থা, সন্তানের জন্ম, গর্ভপাত বা কোনো জটিলতা যৌনরোগ, HIV, AIDS এবং এই জাতীয় যে কোনও রকম রোগ অ্যালকোহল, মাদকদ্রব্য বা মাদকদ্রব্যের কারণে নেশা ক্লটিন মত স্বাস্থ্য পরীক্ষা, দাঁতের চিকিৎসা বা সার্জারি, কসমেটিক বা প্লাস্টিক সার্জারি শীতকালীন খেলাধুলায় অংশগ্রহণ, বড় শিকার খেলা, পর্বতারোহণ, রক ক্লাইম্বিং (ইনডোর রক ক্লাইম্বিং ব্যতীত), স্কুবা/স্কিন ডাইভিং, জলের নিচের কার্যকলাপ, মোটর-র‍্যালি বা রেসিং বা পায়ে চলা ব্যতীত অন্য যে কোনো রকম গতির প্রতিযোগিতা। এয়ারলাইন পার্সোনেল এবং এয়ারফ্রু, পেশাদার ক্রীড়াদল সাধারণ সশস্ত্র বাহিনী এবং সহায়ক পুলিশ বাহিনী, ন্যাশনাল সার্ভিস পার্সোনেল এবং রিসার্ভিস্ট ট্রেনিং সহ শান্তিকালীন সময়ে সামরিক বা পুলিশ পরিষেবা ব্যতীত। তৃতীয় পক্ষের চুক্তির অধিকার আইন স্যাংশনের সীমা এবং বহির্ভূত বিষয়াদি বহির্ভূত সংক্রামক রোগ বহির্ভূত সাইবার মোট অ্যাসেসমেন্টস

বাতিলকরণ
<p>গ্রুপ পলিসি বাতিল</p> <p>GEG বা পলিসিকারী লিখিতভাবে ত্রিশ দিনের লিখিত বিজ্ঞপ্তি দিয়ে এই গ্রুপ পলিসি বাতিল করতে পারেন। GEG বা পলিসিকারী এই গ্রুপ পলিসি বাতিল করলে তা বাতিলের তারিখের আগে উত্থাপিত কোনো দাবির প্রভাব ছাড়াই হবে। যদি বিমাকৃত ব্যক্তির বিমার সময়কাল শেষ হওয়ার আগে পলিসি বাতিলকরণের তারিখ পড়ে, সেক্ষেত্রে বিমার কভারেজ মেয়াদ শেষে তাদের কভার শেষ হবে।</p> <p>বিমা কভারেজ বাতিল করা</p>

পলিসিকারী বা বিমাকৃত ব্যক্তি, GEG-কে লিখে এই পলিসির অধীনস্থ বিমাকৃত ব্যক্তির কভার বাতিল করতে পারেন। বাতিলকরণের তারিখ নির্ভর করবে কখন পলিসিকারী বা বিমাকৃত ব্যক্তির কাছ থেকে GEG সেই বাতিলকরণের বিজ্ঞপ্তি পাবে তার উপর। কোন প্রিমিয়াম ফেরত দেওয়া হবে না।

পলিসিতে রদবদল

পলিসিকারীর সাথে সম্মত হয়ে GEG পলিসিতে রদবদল করতে পারে। যদি বিমাকৃত ব্যক্তির বিমার সময়কালে পলিসিতে পরিবর্তন করা হয়, সেক্ষেত্রে তার বর্তমান কভারে পরিবর্তনের কোনো প্রভাব পড়বে না।

দাবির শর্তাবলী

দুর্ঘটনা জানানো

বিমাকৃত ব্যক্তিকে যত তাড়াতাড়ি সম্ভব দুর্ঘটনার কথা সম্পূর্ণ বিশদে এবং এই পলিসির অধীনে কোনো দাবির জন্ম দিতে পারে এমন যে কোনো ঘটনা সম্পর্কে 30 দিনের মধ্যে GEG-কে জানাতে হবে। দুর্ঘটনার তারিখ থেকে 30 দিনের পরে GEG-কে জানানো হলে GEG-এর সেই দাবি প্রত্যাখ্যানের অধিকার রয়েছে এবং GEG কোনো দাবি দিতে দায়বদ্ধ থাকবে না।

নথি প্রদান

বিমাকৃত ব্যক্তিকে বা তার আইনি প্রতিনিধিকে অবশ্যই নিজস্ব খরচে GEG-কে সমস্ত সার্টিফিকেট, ফর্ম, বিল, রশিদ, তথ্য এবং প্রমাণ দিতে হবে। দাবি সমর্থন করার জন্য GEG'র চাওয়া সমস্ত বিল, রশিদ এবং অন্যান্য নথির আসল কপি হতে হবে, যদি না অন্যথায় লিখিতভাবে সম্মত হন।

নবায়নের নিয়মাবলী

এটি একটি স্বল্পমেয়াদী ব্যক্তিগত দুর্ঘটনা পলিসি এবং GEG'র এই পলিসি নবায়নের প্রয়োজন নেই। GEG পলিসিকারীকে 30 দিনের লিখিত বিজ্ঞপ্তি দিয়ে এই পলিসি বাতিল করতে পারে। বিমাকৃত ব্যক্তির কভারের নবায়ন হয় না।

বহির্ভূত বিষয়ে ঘোষণা:

কিছু ক্ষেত্রে এই পলিসির অধীনে সুবিধাগুলি প্রদেয় হবে না। এগুলিকেই চুক্তিতে বহির্ভূত বলা হয়েছে। বহির্ভূত বিষয়ের সম্পূর্ণ তালিকার জন্য আপনাকে পলিসির চুক্তি পড়ার পরামর্শ দেওয়া হল।

পলিসির মালিকদের সুরক্ষার স্কিম

এই পলিসি Singapore Deposit Insurance Corporation (SDIC) পরিচালিত - পলিসির মালিকদের সুরক্ষার স্কিম দ্বারা সুরক্ষিত। আপনার পলিসির কভারেজ স্বয়ংক্রিয় এবং আপনাকে আর কোনো পদক্ষেপ নিতে হবে না। যেখানে প্রযোজ্য সেখানে, প্রকল্পের আওতায় থাকা সুবিধাগুলির ধরণ এবং কভারেজের সীমা সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন অথবা General Insurance Association (GIA) বা SDIC ওয়েব-সাইটস (www.gia.org.sg অথবা www.sdric.org.sg) দেখুন।

22 জুলাই 2022 এ আপডেট করা